

ভালোবাসা কি শুধু একটা দিনের জন্য?

শর্মিলা চন্দ্র

১৪ ফেব্রুয়ারি ভ্যালেন্টাইন ডে। ভালোবাসা দিবস। প্রেমিক-প্রেমিকাদের নিজেদের ভালোবাসাকে ঝালিয়ে নেওয়ার দিন। গিফট, কার্ড, চকোলেট, ফুল এই সবের মধ্যে দিয়ে ভালোবাসার মানুষকে খুশি করা। তার মন জয় করা। আর এর সঙ্গে তো থাকেই নিজেদের মতো করে একান্তে সময় কাটানো। কিন্তু ভালোবাসার মানুষকে গিফট দিতে, তার সঙ্গে একান্তে সময় কাটানোর জন্য কি আদৌ একটা স্পেশাল দিনের প্রয়োজন আছে? নাকি এই একটা দিনই ভালোবাসা উজার করে দেওয়ার জন্য যথেষ্ট? ভালোবাসার মানুষকে তো যেদিন খুশি গিফট দেওয়া যেতেই পারে। নিজের মতো করে তার সাথে সময় কাটানো যেতেই পারে। কিন্তু তাহলে হঠাত ১৪ ফেব্রুয়ারি ভালোবাসার দিন হিসেবে চিহ্নিত হল কেন?

২৬৯ সালে ইতালির রোমে সেন্ট ভ্যালেন্টাইন'স নামে একজন খৃষ্টান পাদ্রী ও চিকিৎসক ছিলেন। ধর্ম প্রচারের অভিযোগে তখনকার রোমান সম্রাট দ্বিতীয় ক্রাডিয়াস তাঁকে বন্দী করেন। কারণ তখন রোমান সাম্রাজ্যে খৃষ্টান ধর্ম প্রচার নিষিদ্ধ ছিল। বন্দী অবস্থায় তিনি জনৈক কারারক্ষীর দৃষ্টহীন মেয়েকে চিকিৎসার মাধ্যমে সুস্থ করে তোলেন। এতে সেন্ট ভ্যালেন্টাইনের জনপ্রিয়তা অনেকটাই বাড়ে। আর তাঁর জনপ্রিয়তা বৃদ্ধি পাওয়ায় রাজা তাকে মৃত্যুদণ্ড দেন। সেই দিন ১৪ই ফেব্রুয়ারি ছিল। এরপর ৪৯৬ সালে পোপ সেন্ট জেলাসিউও ১ম জুলিয়াস ভ্যালেন্টাইন'স স্মরণে ১৪ই ফেব্রুয়ারিকে ভ্যালেন্টাইন' দিবস ঘোষণা করেন। তবে ভারতবর্ষে মোটামুটি ১৯৯০-এরপর এই দিনটি পালনের একটা হিরিক লক্ষ্য করা গেছে। টিভি চ্যানেল, রেডিও-তে বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে এই দিনটির জনপ্রিয়তা বেড়ে গিয়েছে। যতদিন গেছে এই দিনকে উতযাপনের জন্য নতুন নতুন অনেক কিছুই এসেছে। গিফটের ধরন পাটেছে। আজকাল স্পেশালই এই দিনটির জন্য স্পেশাল গিফট এসেছে বাজারে। বিভিন্ন জিনিস কেনাকাটার সঙ্গে বিভিন্ন অফারেরও ব্যবস্থা থাকে।

কিন্তু আজকাল ভালোবাসার মানেরটা যেন কোথাও হারিয়ে যাচ্ছে। আজ মনে হয় একটা দিনকে শুধু দেখানোর জন্য সকলে পালন করে। গিফট দেয়, কে, কটা গিফট পেল, প্রেমিক তার প্রেমিকাকে কোথায় ঘুরতে নিয়ে গেল, এই সবের উপরেই বেশি জোর দেওয়া হয়। এই সবের মাঝে যেন ভালোবাসার স্বাদটাই হারিয়ে যাচ্ছে। তার উপর তো রয়েছে রোজকার কর্মজীবনের ব্যস্ততা। তাই

ভালোবাসার জন্য একটা দিন থাকলেও, মনে হয় রোজই ভালোবাসার স্বাদ
তাড়িয়ে তাড়িয়ে উপভোগ করা প্রয়োজন। আর গিফট! সে তো মাঝে মাঝেই
মনের মানুষকে দেওয়া যায়। ভালোবাসাটা আর একটু বাড়িয়ে নেওয়া। তবে,
নির্ভেজাল ভালোবাসা যে বাড়তি অস্বিজেনের কাজ করে সেটা বোধহয় বলার
অপেক্ষা রাখে না। তাই ভালোবাসা একদিনের জন্য নয়....রোজ প্রয়োজন....